৮ আগস্ট, ২০২৬

# জ্বালানি সংকট কাটাতে সরকার কাজ করছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানি সংকট থেকে মানুষকে ধীরে ধীরে বের করে আনতে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, আগের সরকারের অপরিকল্পিত সিদ্ধান্তের কারণে এই খাতে যে সংকট তৈরি হয়েছে, তা কাটিয়ে উঠতে বর্তমান সরকার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

শনিবার (৮ আগস্ট) জাতীয় সংসদের এলডি হলে ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব)-এর ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত চিকিৎসক সমাবেশে বক্তব্য দেওয়ার সময় প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

তারেক রহমান বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার সময় দেশকে একটি ভঙ্গুর অবস্থায় পেয়েছে। বিভিন্ন সংকট মোকাবিলা করে পরিস্থিতির উন্নতি করতে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। গ্যাস, বিদ্যুৎ ও জ্বালানি সংকট থেকে সাধারণ মানুষকে পর্যায়ক্রমে স্বস্তি দিতে প্রয়োজনীয় পরিকল্পনাও নেওয়া হচ্ছে।

বিদ্যুৎ ও জ্বালানি খাতের বর্তমান পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী বলেন, সংকটের বিষয়টি সরকার অস্বীকার করছে না। অতীতে কোনো কোনো প্রতিষ্ঠানকে বিশেষ সুবিধা দেওয়ার লক্ষ্যে নেওয়া অপরিকল্পিত উদ্যোগের প্রভাব এখন দেশ, জনগণ ও সরকারকে বহন করতে হচ্ছে।

তিনি আরও বলেন, রাষ্ট্র, রাজনীতি ও প্রশাসনের বিভিন্ন পর্যায়ে ফ্যাসিবাদের সুবিধাভোগী একটি চক্র এখনো সক্রিয় রয়েছে। তারা জ্বালানি ও বিদ্যুৎ খাতকে অস্থিতিশীল করার চেষ্টা করছে এবং এ নিয়ে বিভ্রান্তিকর তথ্যও ছড়াচ্ছে।

চিকিৎসক সমাবেশের আগে প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান জাতীয় সংসদ ভবনের এলডি হল প্রাঙ্গণে নিম ও অর্জুন গাছের চারা রোপণ করেন। পরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পাশাপাশি বেলুন ও পায়রা উড়িয়ে সমাবেশের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

পবিত্র কুরআন তিলাওয়াত ও মোনাজাতের মধ্য দিয়ে সমাবেশের কার্যক্রম শুরু হয়। এতে দেশের বিভিন্ন অঞ্চল থেকে ড্যাবের নেতাকর্মী ও চিকিৎসকেরা অংশ নেন।

ড্যাব সভাপতি অধ্যাপক ডা. হারুন আল রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান, সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন এবং ড্যাব মহাসচিব ডা. মো. জহিরুল ইসলাম শাকিলসহ অন্যরা।